

২৩তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির বিংশতিতম সভা গত ০৩/০২/০৩ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্য সূচী-১ : গত ১২/০৯/২০০২ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ২২তম সভার কার্য বিবরণী অনুমোদন।

সিদ্ধান্ত :

১২/০৯/২০০২ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ২২তম সভার কার্য বিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত হলো।

আলোচ্য সূচী-২ : ২০০৩-২০০৪ উৎপাদন মৌসুমে আউশ বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

সিদ্ধান্ত :

১. বিএডিসি ২০০৩-২০০৪ সালের উৎপাদন মৌসুমে ৫টি জাতের ১১ টন স্টেজ-১, ৫টি জাতের ৩৪ টন স্টেজ-২ ও ৪টি জাতের ৬৫০ টন মানঘোষিত আউশ বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট - 'ক')। দায়িত্ব : বিএডিসি।
২. 'ব্রি' ২০০৩-২০০৪ উৎপাদন মৌসুমে ৫টি জাতের ১১০ কেজি ব্রিডার আউশ বীজ উৎপাদনপূর্বক ২০০৪-২০০৫ মৌসুমে বিএডিসি-কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট - 'ক')। দায়িত্ব : 'ব্রি'।

আলোচ্য সূচী-৩ : ২০০৩-২০০৪ সালের উৎপাদন মৌসুমে পাট বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।

সিদ্ধান্ত :

১. বিএডিসি ২০০৩-০৪ উৎপাদন মৌসুমে ৭টি জাতের ৪৫ টন ভিন্ডি ও ১১০০ টন মানঘোষিত বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট - 'ক')। দায়িত্ব : বিএডিসি।
২. বাংলাদেশ পাট গবেষণা প্রতিষ্ঠান ২০০৩-০৪ ও ২০০৪-০৫ সালে যথাক্রমে ৭টি জাতের ৯৩৫ কেজি ও ৯৩৫ কেজি ব্রিডার বীজ বিএডিসি-কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট - 'ক')। দায়িত্ব : বিজেআরআই।
৩. আগাম বপনযোগ্য তোবা জাতের পাট বীজ উদ্ভাবন করে সরবরাহ করতে হবে। দায়িত্ব : বিজেআরআই।
৪. দেশজ পাটবীজ ব্যবহারের জন্য প্রচারণার ব্যবস্থা নিতে হবে। দায়িত্ব : ডিএই, বিএডিসি, বিজেআরআই।

আলোচ্য সূচী-৪ : বিবিধ।

আলোচনা :

বেসরকারী সংস্থা কর্তৃক জাতওয়ারী ভিন্ডি ও প্রত্যায়িত বীজ উৎপাদন ও বিতরণ সম্পর্কিত তথ্যের ব্যাপারে সভায় আলোচনা হয়। সুষ্ঠু পরিকল্পনা ও ব্যবস্থাপনার জন্য দেশে বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, ব্যক্তি পর্যায়ে কি পরিমাণ বীজ (ফসলভিত্তিক) উৎপাদন করা হচ্ছে এবং কি পরিমাণ বীজ বিপণন হচ্ছে, তা সরকারের জানা প্রয়োজন। বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এ আলোচনায় অংশগ্রহণ করেন এবং এ বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : বেসরকারী সংস্থা কর্তৃক ফসল ও জাতওয়ারী ভিন্ডি ও প্রত্যায়িত বীজ কি পরিমাণ উৎপাদন ও বিতরণ হয়ে থাকে তার তথ্য সংগ্রহ এবং মন্ত্রণালয়কে অবগত করতে হবে। দায়িত্ব : বিএডিসি।

২০০৩-২০০৪ সালে বিএডিসি'র আউশ ও পাট বীজ উৎপাদন এবং ব্রিডার বীজ সরবরাহ সংক্রান্ত
০৩/০২/২০০৩ ইং তারিখের সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত

বীজের নাম	জাত	২০০৩-০৪ সালে উৎপাদনের পরিমাণ (টন)			ব্রিডার বীজের চাহিদা (কেজি)	
		ভিত্তি		মানঘোষিত	২০০৩-০৪ (মার্চ ২০০৩)	২০০৪-০৫ (মার্চ ২০০৪)
		স্টেজ-১	স্টেজ-২			
১	২	৩ (ক)	৩ (খ)	৪	৫	৬
আউশ	বিআর-৩	২	১০	১৫০	২০	২০
	বিআর-১৪	৫	১৫	২৬০	৫০	৫০
	বিআর-২১	১	৩	-	১০	১০
	বিআর-২৬	২	৪	১৯০	২০	২০
	ব্রিধান-২৭	১	২	৫০	১০	১০
	মোট আউশ :	১১	৩৪	৬৫০	১১০	১১০

বীজের নাম	জাত	২০০৩-০৪ সালে উৎপাদনের পরিমাণ (টন)		ব্রিডার বীজের চাহিদা (কেজি)	
		ভিত্তি	মানঘোষিত	২০০৩-০৪ (মার্চ ২০০৩)	২০০৪-০৫ (মার্চ ২০০৪)
পাট	দেশী :				
	সিভিএল-১	১৬	৪৪০	৬৪১	৬৪১
	সিভিই-৩	২	৩০	৩	৩
	বিজেসি-৮৩	১	১৫	১৫	১৫
	বিজেসি-৭৩৭০	১	১৫	১৫	১৫
	মোট দেশী :	২০	৫০০	৬৭৪	৬৭৪
	তোষা :				
	ও-৪	৩	১০০	-	-
	ও-৯৮৯৭	২০	৪৫০	২৪০	২৪০
	ওএম-১	২	৫০	৬	৬
	ও-৭২	-	-	১৫	১৫
	মোট তোষা :	২৫	৬০০	২৬১	২৬১
	মোট পাট বীজ :	৪৫	১১০০	৯৩৫	৯৩৫